দৈনিক
ইত্তেফাক

তারিখ: 23 AUG 2017
পৃষ্ঠা: ১৬ কলাম: ৪

# বাকৃবি ও কবি নজরুল বিশ্ববিদ্যালয় একদিনের বেতন দিচ্ছেন শিক্ষকরা বানভাসিদের

**বাকৃবি (ময়মনসিংহ) সংবাদদাতা**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা বন্যা দুর্গতদের সাহায্যার্থে একদিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। সোমবার বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্যের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সংগৃহীত অর্থের দুই তৃতীয়াংশ প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে দেওয়া হবে। অবশিষ্ট অর্থ দিয়ে বন্যাদুর্গত এলাকার মানুষের সাহায্যার্থে ত্রাণসামগ্রী হিসাবে বীজ, সবজি চারা, ধানের চারা, চাল, চিড়া, চিনি, আলু, গো-খাদ্য, পশু চিকিৎসা সামগ্রী, স্যালাইন, পানি শোধন ট্যাবলেট, ওষুধ ইত্যাদি দেওয়া হবে।

**ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা** জানান, বন্যাদুর্গত মানুষের সাহায্যার্থে ত্রিশালের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা তাদের একদিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি তপন কুমার সরকারের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মো. শফিকুল ইসলামের পরিচালনায় কার্য নির্বাহী পরিষদের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।